

**ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ**  
গোপালগঞ্জ শাখা, গোপালগঞ্জ  
বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি  
(অর্থস্বর্ণ আদালত আইন, ২০০৩ এর ১২ ধারা মোতাবেক)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ গোপালগঞ্জ শাখা, গোপালগঞ্জ এর ঋন গ্রহীতা মেসার্স ন্যাশনাল পাইপ, মালিক- ফারজানা রহমান লাকী, পিতা-মৃত: রেজাউল করিম, মাতা-মিসেস শাহানা বেগম, স্বামী-তৌহিদুর রহমান, ঠিকানা-৩০৪, মোহাম্মদপাড়া, গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি আদালতের আদেশ ছাড়াই বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋন গ্রহীতা মঞ্জুরী পত্রের শর্ত মোতাবেক ঋন পরিশোধ না করায় বিগত ইং ৩০/০৯/২০১৪ তারিখ পর্যন্ত খেলাপি ঋণ বাবদ ব্যাংকের পাওনা মোট ১১,২৬,৬০৩.৮৮ (এগারো লক্ষ ছাব্বিশ হাজার ছয়শত তিন টাকা অষ্টাশি পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি নিলামে বিক্রয়ের জন্য আর্থী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।


**বন্ধকী সম্পত্তির তফসিল**

জেলা-গোপালগঞ্জ, থানা-সদর, মৌজা-খাটরা, আর,এস খতিয়ান নং-১৮১৭, এস,এ খতিয়ান নং-১৯৫৩, মিউটেশন খতিয়ান নং-১৯৫৩/৩/১, আর,এস, ও এস,এ দাগ নং-১৬৯৬, মোট জমির পরিমাণ-৬.৫০ শতক।

**নিলামের শর্তাবলী :-**

- ১) আগামী ইং ৩০.১১.২০১৪ তারিখ অপরাহ্ন ৩-৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ গোপালগঞ্জ শাখা এ রক্ষিত ব্যাঙ্কে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪-০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- ২) প্রত্যক দরপত্র দাতা উদ্ধৃত দর এর ১৫% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ গোপালগঞ্জ শাখা এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন।
- ৩) উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- ৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করতে পারিবেন।
- ৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি দরদাতাকেই বহন করতে হইবে।
- ৬) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- ৭) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।



  
স্বাক্ষর

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ  
গোপালগঞ্জ শাখা, গোপালগঞ্জ।